

# 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪২৭

১৫. রক্তপণ অধ্যায় (کتاب الدیات)

পরিচ্ছেদঃ ২৫. কোনো ব্যক্তিকে অন্যের অপরাধে পাকড়াও করা (বা শাস্তি দেওয়া) হবে না

بَابِ لَا يُؤْخَذُ أَحَدٌ بِجِنَايَةِ غَيْرِهِ

### আরবী

أَخْبَرَنَا يُونُسُ بْنُ مُحَمَّدٍ حَدَّثَنَا جَرِيرٌ يَعْنِي ابْنَ حَازِمٍ قَالَ سَمِعْتُ عَبْدَ الْمَلِكِ بْنَ عُمَيْدٍ حَدَّثَنِي إِيَادُ بْنُ لَقِيطٍ عَنْ أَبِي رِمْتَةَ قَالَ قَدِمْتُ الْمَدِينَةَ وَمَعِيَ ابْنُ لِي وَلَمْ نَكُنْ رَأَيْنَا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَتَيْتُهُ فَخَرَجَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَعَلَيْهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَعَلَيْهِ وَسَلَّمَ فَأَتَيْتُهُ فَقَالَ مَنْ هَذَا الَّذِي مَعَكَ قُلْتُ ابْنِي قَوْبَانِ أَخْضَرَانِ فَلَمَّا رَأَيْتُهُ عَرَفْتُهُ بِالصِّفَةِ فَأَتَيْتُهُ فَقَالَ مَنْ هَذَا الَّذِي مَعَكَ قُلْتُ ابْنِي وَرَبِّ الْكَعْبَةِ فَقَالَ الْا يَجْنِي عَلَيْكَ وَلَا تَجْنِي عَلَيْهِ وَرَبِّ الْكَعْبَةِ فَقَالَ ابْنُكَ هَذَا لَا يَجْنِي عَلَيْكَ وَلَا تَجْنِي عَلَيْهِ وَلَا تَجْنِي عَلَيْهِ وَرَبِّ الْكَعْبَةِ فَقَالَ ابْنُكَ هَذَا لَا يَجْنِي عَلَيْكَ وَلَا تَجْنِي عَلَيْهِ وَلَا تَجْنِي عَلَيْهِ وَرَبِّ الْكَعْبَةِ فَقَالَ الْمَالِيَّةُ فَقَالَ الْمَاكِ الْمَعْدُ فَقُلْتُ أَشْهَدُ بِهِ قَالَ فَإِنَّ ابْنَكَ هَذَا لَا يَجْنِي عَلَيْكَ وَلَا تَجْنِي عَلَيْهِ عَلَيْهِ وَلِي الْمَالِي عَلَيْهُ وَلِي الْمَالِي الْمُعْدُ فَقَالَ الْمَالَ الْمَالَةُ وَقُولُونَ الْمُ الْمُلْمَالُ لَوْ الْمُنْ لَا لَا لَا لَهُ عَلَى اللَّهُ عَلَيْهِ وَلَا لَهُ إِلْتُ الْمُعْدُ لِهِ قَالَ لَا لَا يَجْنِي عَلَيْكَ وَلَا تَجْنِي عَلَيْهِ الْمُ

#### বাংলা

২৪২৭. আবৃ রিমছা রাদ্বিয়াল্লাভ্ আনভ্ থেকে বর্ণিত। তিনি বলেনঃ আমি আমার এক ছেলেকে সাথে নিয়ে মদীনায় গমন করি। আর আমরা ইতিপূর্বে কখনো রাসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম-কে দেখিনি। এরপর আমরা যখন তাঁর নিকট এলাম, তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম বের হয়ে এলেন। তখন তারঁ গায়ে ছিল সবুজ রংয়ের দু'টি চাদর। আমি তাঁর সিফাত (বাহ্যিক গুণাবলী বা চেহারা) দেখেই তাঁকে চিনে ফেললাম। ফলে আমি তাঁর নিকট গেলাম। তখন তিনি বলেনঃ "তোমার সঙ্গে যে রয়েছে সে কে? তিনি বলেনঃ কা'বার রবের শপথ! এ আমার ছেলে। তখন তিনি বলেনঃ "তোমার ছেলে?" আমি বললাম: এ ব্যাপারে আমি সাক্ষ্য প্রদান করছি। তিনি বলেনঃ তাহলে (জেনে রাখ!) তোমার এ ছেলের অপরাধের দায় তোমার উপর বর্তাবে না এবং তোমার অপরাধের দায়ও তার উপর বর্তাবে না।"[1]

## ফুটনোট

### [1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৫৯৯৫ এবং ও মাওয়ারিদুয যাম'আন নং ১৫২২ তে।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ রিমসাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন